

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা
প্রজ্ঞাপন

তারিখ : ০৩ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নম্বর-২৯০-আইন/২০২৩।—জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, জাতীয় আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০ (২০০০ সনের ৬নং আইন) এর ধারা ৭ এর দফা (ক) এ প্রদত্ত ক্ষমতাবলে, আইনগত সহায়তা প্রদান নীতিমালা, ২০১৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত নীতিমালার অনুচ্ছেদ ২ এর উপ-অনুচ্ছেদ (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(১) এই নীতিমালার অধীন নিম্নবর্ণিত ব্যক্তিগণ আইনগত সহায়তা পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন, যথা :—

- (ক) কোনো ব্যক্তি, কোনো বীর মুক্তিযোদ্ধা, গেজেটভুক্ত কোনো বীর যুদ্ধাহত মুক্তিযোদ্ধা বা কোনো শ্রমিক যাহার বার্ষিক আয় সরকার কর্তৃক, সময় সময়, নির্ধারিত আয়কর সীমার নিম্নে; এবং
- (খ) কর্মে অক্ষম, আংশিক কর্মক্ষম বা কর্মহীন কোনো ব্যক্তি।”।

জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার আদেশক্রমে

মোহাম্মদ আল মামুন

পরিচালক

(সিনিয়র জেলা জজ)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৪০৩)

মূল্য : টাকা ৪.০০